অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৪) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

মোকাম, বিজ্ঞ জজ, অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

**অর্থজারী মোকদ্দমা নং-১১৪/২০২৫**

**(উদ্ভূত অর্থজারী মোকদ্দমা নং-২৯০/২০২১)**

**বেসিক ব্যাংক লিমিটেড,** দিলকুশা শাখা, ঢাকা। যাহাকে ইহার মহাব্যবস্থাপক প্রতিনিধিত্ব করেন।

...ডিক্রীদার।

বনাম

**১। মেসার্স ডাভ এন্টারপ্রাইজ,** স্বত্বাধিকারী-মোঃ রিয়াজুল ইসলাম, ১, হারাধন ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা; এবং ৯৮ হরনাথ ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা; এবং বাড়ী নং- ২৪, রোড নং-০৬, ফ্ল্যাট নং-সি-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫, এবং ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম: এবং ৪০, উমেশ দত্ত রোড ঢাকা; এবং এমসিটি হাফজুল্লাহ গ্রীন, বাড়ী নং-১৫/এ (২য় তলা), ফ্ল্যাট নং-ডি-১, রোড নং-২/এ, ঝিগাতলা, ধানমণ্ডি, ঢাকা। **২। মোঃ রিয়াজুল ইসলাম,** পিতাঃ মরহুম তাজুল ইসলাম, স্বত্বাধিকারী-মেসার্স ডাভ এন্টারপ্রাইজ, বাড়ী নং-২৪, রোড নং-০৬, ফ্ল্যাট নং-সি-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫; এবং ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম; এবং ৪০, উমেশ দত্ত রোড ঢাকা। **৩। জনাবা জান্নাতুল ফেরদৌস ওরফে রিমা ইসলাম,** স্বামী রিয়াজুল ইসলাম, ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম এবং ১ হারানাথ ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা। **৪। মোঃ মোশারফ হোসাইন আকন্দ,** পিতা-মরহুম লাল মিয়া আকন্দ ওরফে গিয়াস উদ্দিন, সাং-গ্রামঃ বাশবাড়ী, থানাঃ শ্রীপুর, জেলাঃ গাজীপুর।

----দায়িকগণ।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ০২/০১/২০১৬ ইং তারিখ পর্যন্ত ডিক্রীকৃত ২০,৬৬,৬৫,৭২০.০৬ টাকা ০৭/০১/২০১৬ তারিখ হইতে ২০/১০/২০২৫ তারিখ পর্যন্ত সুদ ২৪,২৮,৩৫,০৫২.১০ টাকা মোকদ্দমার খরচ ৬০,৬৬০.০০ টাকা **সুদসহ মোট ৪৪,৯৫,৬১,৪৩২.১৬ (চুয়াল্লিশ কোটি পঁচানব্বই লক্ষ একষট্টি হাজার চারশত বত্রিশ টাকা ষোল পয়সা) টাকা** আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহ্বান করা যাইতেছে। **আগামী ২৩/০৭/২০২৬ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার** মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

নিলামের শর্তাবলী

১। **আগামী ২৩/০৭/২০২৬ ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার** মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম ক্রেতা বা দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে। ৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। ৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব-৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ **যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে। ৫। দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করতে ব্যর্থ হলে তাহার উপরোক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। ৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ **২৩/০৭/২০২৬ ইং তারিখ বিকেল ১২:০০ ঘটিকায়** দরপত্র বাক্স খোলা হবে। ৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে। ৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করতে পারবেন। ১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন। ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

"তফসিল-IV" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল.নং-৯৯, মৌজা- "পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-সি.এস.- ১৬৩, এস.এ.-২০৪, আর.এস.-৫, নামজারী-২৭৬, জোত নং-২৭৩, দাগ নং-সি.এস. ও এস.এ.- ৫৫৪ (পাঁচশত চুয়ান্ন), আর.এস.-১০৩২ (এক হাজার বত্রিশ) মোট জমির পরিমান-১০.২৫ (সোয়া দশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দি-উত্তরে ইউনুস, দক্ষিনে-রাস্তা, পূর্বে-আবদুল মজিদ ভূইয়া, পশ্চিমে-ইজ্জত আলী ভূইয়া।

"তফসিল-V" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে. এল. নং-১০০, মৌজা- "জাঙ্গির" স্থিত, খতিয়ান নং-সি.এস.- ২০৩, ৫১৫, এস.এ.-১৯৭, ১৩৬, আর.এস.-২৩৯, নামজারী-৭৬১, জোত নং-৭৬৫, দাগ নং-সি.এস. ও এস.এ.-৫৮৭ (পাঁচশত সাতাশি), আর.এস.-৬৫১/১৫৩০ (ছয়শত একান্ন এর বাটা এক হাজার পাঁচশত ত্রিশ) মোট জমির পরিমান-১৪.০০ (চৌদ্দ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

"তফসিল-VI" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল.নং-৯৯, মৌজা- "পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-এস.এ.-২১৮, ৪৩, আর.এস.-২৬৫, ১৯, নামজারী-২৮০, জোত নং-২৭৭, দাগ নং-সি.এস. ও এস.এ.-৩৭৯ (তিনশত ঊনআশি), ৩৮০ (তিনশত আশি), আর.এস.-৫৮৪ (পাঁচশত চুরাশি), ৫৮৫ (পাঁচশত পঁচাশি) মোট জমির পরিমান-১৯.০০ (উনিশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

তফসিল-VII" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল.নং-৯৯, মৌজা-"পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-এস.এ.- ৪৩, আর.এস.-১৯, নামজারী-২৭৬, জোত নং-২৭৩, দাগ নং-সি.এস. ও এস.এ.-৩৮০ (তিনশত আশি), আর.এস.-৫৮৫ (পাঁচশত পঁচাশি) মোট জমির পরিমান-২৩.০০ (তেইশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দিন্দ-উত্তরে-আলী হোসেন, দক্ষিনে-ফয়েজুদ্দিন, পূর্বে-ওহাব, পশ্চিমে-রশিদ মিয়া।

"তফসিল-VIII" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল.নং-৯৯, মৌজা- "পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-সি.এস. -১৫৩, এস.এ.-১৮৫, আর.এস.-১১, নামজারী-২৭৬, জোত নং-২৭৩, দাগ নং-সি.এস. ও এস.এ.- ৩৮৩ (তিনশত তিরাশি), আর.এস.-৫৮৮ (পাঁচশত আটাশি) মোট জমির পরিমান-৩০.২৫ (সোয়া ত্রিশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহন্দি-উত্তরে-মোঃ সেরাজুল মোল্লা, দক্ষিনে-আবদুর রহমান, পূর্বে-হাজী আবদুল হক, পশ্চিমে-নাজমুল ইসলাম এবং অন্যান্য।

"তফসিল-IX" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল. নং-৯৯, মৌজা-"পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-সি.এস.-৯৩ এস.এ.-৮৬, আর.এস.-১১৫, ১১৬, নামজারী-২৮০, জোত নং-২৭৭, দাগ নং-সি.এস. ও এস.এ.-৪৪৯ (চারশত ঊনপঞ্চাশ), আর.এস.-৯৫১ (নয়শত একান্ন), মোট জমির পরিমান-১০.০০ (দশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

"তফসিল-X" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল. নং-৯৯, মৌজা- "পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-এস.এ.- ১০৯, আর.এস.-১১৫, নামজারী-২৮২, জোত নং-২৭৯, দাগ নং-সি.এস. ও এস.এ.-৪৪৯ (চারশত ঊনপঞ্চাশ), আর. এস.-৯৫১ (নয়শত একান্ন), মোট জমির পরিমান-০২.০০ (দুই) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

"তফসিল-XI" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল. নং-৯৯, মৌজা- "পিতলগঞ্জ" স্থিত, খতিয়ান নং-সি.এস.- ৯৩ এস.এ.-৮৩, আর.এস.-১১৫, ১১৬, নামজারী-২৮০, জোত নং-২৭৭, দাগ নং-সি.এস. ও এস.এ.- ৪৫৯ (চারশত ঊনষাট), আর.এস.-৯৫১ (নয়শত একান্ন), মোট জমির পরিমান-১.৫০ (দেড়) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

"তফসিল-XII" জিলা-নারায়ণগঞ্জ, থানা-রূপগঞ্জ, জে.এল.নং-১০০, মৌজা-"জাঙ্গির" স্থিত, খতিয়ান নং-এস.এ.-২১৪, আর.এস.-২৪৯, নামজারী-৭৬১, জোত নং-৭৬৫, দাগ নং-সি.এস. ও এস.এ.-৫৮৩ (পাঁচশত তিরাশি), আর.এস.-৬১৯ (ছয়শত উনিশ) মোট জমির পরিমান-১০.৫০ (সাড়ে দশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা।

আদেশক্রমে সেরেস্তাদার
জজ, অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

১। দৈনিক বণিক বার্তা
২। দৈনিক গনমুক্তি
প্রকাশ ২৮/০৬/২০২৬